Know Your Rights!

আপনার অধিকার সম্পর্কে জানুন!

কোনো ঋণ সংগ্রাহক কি আমার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে অর্থ নিতে পারেন?

রাষ্ট্র এবং ফেডারেল আইনের অধীনে ঋণ সংগ্রহের ক্ষেত্রে আমাদের সবার অধিকার রয়েছে।

আপনার একমাত্র আয় সরকারি সুবিধা হলে সাধারণভাবে ঋণ সংগ্রহকারীরা আপনার অর্থ নিতে পারেন না। কারণ ফেডারেল আইনের অধীনে বেশিরভাগ সুবিধা আইনত ঋণ সংগ্রহ থেকে "ছাড় প্রাপ্ত"।

এবং আপনি নিউ ইয়র্ক স্টেটে থাকলে রাষ্ট্রীয় আইনের অধীনে আপনার অতিরিক্ত অধিকার এবং সুরক্ষা রয়েছে।* এটি

কিভাবে কাজ করে তা এখানে উল্লেখ করা হলো:

- আপনার অ্যাকাউন্টে শুধুমাত্র সরকারি সুবিধার অর্থ থাকলে ঋণ সংগ্রহকারীরা আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে অর্থ নিতে পারবেন না।

- এছাড়াও, ঋণ সংগ্রহকারীরা আপনার অ্যাকাউন্ট থেকে অর্থ নিতে পারেন না - বা এমনকি আপনার অ্যাকাউন্ট স্থগিত করতে পারেন না, যদি:

  > আপনার অ্যাকাউন্টে $3,600 বা তার চেয়ে কম অর্থ থাকে এবং অ্যাকাউন্টে কোনো সরকারি সুবিধা না থাকে

  - অথবা -

  > আপনার অ্যাকাউন্টে $3,000 বা তার কম অর্থ থাকে এবং অ্যাকাউন্টে সরকারি সুবিধা থাকে (এমনকি আপনার অ্যাকাউন্টে অন্যান্য উৎস থেকেও আয় থাকে, যেমন, মজুরি)।

* নিউ ইয়র্ক 2008 সালে মৌলিক চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত অর্থ না থাকা নিউ ইয়র্কবাসীদের থেকে ঋণ সংগ্রাহকদের অর্থ নেওয়া বাধা দেওয়ার লক্ষ্যে অব্যাহতি আয় সুরক্ষা আইন পাস করে।

আরো তথ্যের জন্য NYC ফাইন্যান্সিয়াল জাস্টিস হটলাইনে কল করুন: 212-925-4929

হটলোইনে সবলপ আয়ের NYC বোসটসনে াদের সটবনামেূল্যে আইসটন পরামের্শ পরদানে করা হয়।

হটলোইন চোলু থাকোর সময়: সোম: সটবকেল 4-6 টো | ম ল, বুধ, বৃহসপসটত: বেলো 12-2 টো

নিউ ইয়র্কবাসীদের জন্য আপনার অধিকার সম্পর্কে আরো জানুন: fjhotline.nyc

এই প্রচারপত্র নিউ ইয়র্কবাসীদের সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে আইনি পরামর্শের উদ্দেশ্যে নয়।

নিউ ইকোনমি প্রজেক্ট NYC ফাইন্যান্সিয়াল জাস্টিস হটলাইন পরিচালনা করে। এটি স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিনামূল্যে আইনি সহায়তার হটলাইন। নিউ ইকোনমি প্রজেক্টের লক্ষ্য হলো ন্যায়সঙ্গত অর্থনীতি গড়ে তোলা যা সবার জন্য কাজ করে, যার মূলে রয়েছে জাতিগত এবং লিঙ্গ ভিত্তিক ন্যায়বিচার, সহযোগিতা, এলাকা ভিত্তিক সমতা এবং বাস্তুসংস্থানগত স্থায়িত্ব।

© 2021 নিউ ইকোনমি প্রজেক্ট | neweconomynyc.org

New Economy Project